**আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।**
**ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২**
www.ispr.gov.bd

# সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩ তারিখ: ১৪-০৫-২০২৩

## এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (সিভিল) কার্যালয় এর পেনশন নথিঘর উদ্বোধন

ঢাকা, ১৪ মে ২০২৩: ঢাকা সেনানিবাসে অবস্থিত এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (সিভিল) কার্যালয়ের পেনশনার নথিঘর আজ রবিবার (১৪-০৫-২০২৩) উদ্বোধন করেন কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) জনাব মোহাম্মদ গোলাম ছরওয়ার ভূঁঞা। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সিনিয়র অর্থ নিয়ন্ত্রক জনাব মোঃ মোস্তফা কামাল, জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স জনাব মুহাম্মদ খাদেমুল বাশার এবং ফাইন্যান্স কন্ট্রোলার জনাব মোঃ শফিকুর রহমান সহ উক্ত কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (সিভিল) কার্যালয়ের প্রায় ২০,০০০ পেনশনারের পেনশন সংক্রান্ত নথি সুবিন্যাস্তভাবে সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও ভবিষ্যতে অবসরে গমনকারী কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন নথি সংরক্ষণের সুব্যবস্থা রয়েছে। পেনশন ঘরে সুশৃঙ্খলভাবে পেনশন নথি সংরক্ষণের ফলে পেনশনারদের পেনশন সংক্রান্ত কাজ দ্রুততার সাথে সম্পাদন করা সম্ভব হবে এবং সম্মানিত পেনশনারদের দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হবে।

স্বাক্ষরিত/-
রাশেদুল আলম খান
সহকারী পরিচালক
পরিচালকের পক্ষে
মোবাইল- ০১৭৬৯০১৭১৯৮